

## কর্মঘণ্টা নিয়ন্ত্রক বিধিমালার আওতায় আমি কি কি কর্মবিরতি পাবার অধিকারী?

### (What breaks am I entitled to under the working time regulations?)

Working Time Regulations 1998-এ বিশ্রাম বিরতি ও সময় বিরতি সম্পর্কে নিম্নলিখিত বিধানের উল্লেখ করা হয়েছেঃ

#### কাজের সময় বিশ্রাম বিরতি

ছয় ঘণ্টার বেশী দৈনিক কর্মঘণ্টা হলে একজন কর্মচারী বিরতিহীনভাবে ২০ মিনিটের কর্মবিরতি পাবার অধিকারী। এটি কর্মসময়ের মধ্যে বিরতি হতে হবে, কর্মদিবসে কাজ শুরুর সময়, অথবা শেষের সময়, এই বিরতি নেয়া যাবে না।

#### দৈনিক বিশ্রাম

The Working Time Regulations 1998, বিধি ১০ অনুযায়ী, একজন কর্মচারী তাঁর নিয়োগকারীর অধীনে কাজের ক্ষেত্রে প্রতি ২৪ ঘণ্টা সময়কালে ধারাবাহিকভাবে ১১ ঘণ্টা বিশ্রামকালের অধিকারী।

তবে, কিছু বিশেষ পরিস্থিতি রয়েছে যখন বিশ্রাম সময়ের অধিকার প্রযোজ্য হয় না, উদাহরণস্বরূপ, যেখানে সার্ভিস বা উৎপাদন প্রক্রিয়া চলমান রাখতে হয় এমন কর্মকান্ড, অথবা যেখানে পূর্ব নির্ধারিতভাবেই কর্মকান্ড হঠাৎ বাড়িয়ে দিতে হয়, সেসব ক্ষেত্রে। এছাড়াও, কোনো শিফট ভিত্তিক কর্মী যদি শিফট পরিবর্তন করে, সেক্ষেত্রে তাঁরা নতুন কর্ম প্রক্রিয়া শুরু করার আগ পর্যন্ত তাঁদের প্রাপ্য অধিকার পুরোপুরি ভোগ করতে নাও পারেন। এধরনের ক্ষেত্রে দৈনিক ও সাপ্তাহিক বিশ্রামের সময় সংক্রান্ত অধিকার প্রযোজ্য হবে না।

#### সাপ্তাহিক বিশ্রাম

একজন প্রাপ্তবয়স্ক কর্মী এক সপ্তাহে একদিন ছুটির অধিকারী; এটাকে ২ সপ্তাহ কালে গড় হিসাবেও নেয়া যায়।

#### অল্পবয়সী বা কিশোর কর্মচারীঃ

অল্পবয়স্ক কোনো কর্মচারীকে যদি সাড়ে চার ঘণ্টা একনাগাড়ে কাজ করতে হয়, তাহলে তারা ৩০ মিনিটের একটি বিরতি পাবার অধিকারী। অল্পবয়সের কর্মচারীরা প্রতি ২৪ ঘণ্টার কর্ম সময় থেকে বিরতিহীন ১২ ঘণ্টা বিরতি পাবার অধিকারী। শুধুমাত্র বিশেষ ব্যতিক্রমী পরিস্থিতিতে এই অধিকারকে পরিবর্তন বা খর্ব করা যাবে। তখন কর্মীরা প্রতি সপ্তাহে ২দিন বিরতি নেবারও অধিকারী এবং এটা ২ সপ্তাহব্যাপী সময়ে গড় হিসাবে নেয়া যাবে না।

ব্যবসা ও বাণিজ্য বিষয়ক ডিপার্টমেন্ট (Department of Trade and Industry) কর্তৃক প্রস্তুত করা একটি বিনামূল্যে প্রদেয় নির্দেশিকাতে আরও তথ্যাদি আছে।

#### সূত্রঃ

- [DTI: A Guide to Working Time Regulations, URN 03/1068](#)

কাজের মধ্যে বিশ্রাম বিরতি ও সময় বিরতি সম্পর্কে জানতে হলে ACAS এর সাথে দয়া করে যোগাযোগ করুন।

ACAS ওয়েবসাইট।